64

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 APR 1996

পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করুন

........ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

ইত্তেফাক রিপোর্ট ॥ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আসন্ন নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অবিলম্বে সারাদেশে বেআইনী অস্ত্র উদ্ধার এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অস্ত্র ও সন্ত্রাস মুক্ত করার জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি আহ্বান জানাইয়াছে। গতকাল (মঙ্গলবার)

(১১ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষক সমিতি

(শেষ পৃঃ পর)

সমিতির একটি প্রতিনিধিদল শিক্ষা উপদেষ্টা প্রফেসর এম, শামসুল হকের সহিত এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হইয়া সরকারের প্রতি এই আহ্বান জানান। প্রতিনিধিদলের পক্ষ হইতে বলা হয়, আসন্ন নির্বাচনকে সম্পূর্ণভাবে নিরপেক্ষ করিতে হইলে সর্বপ্রকার অন্যায় প্রভাব, ভয়ভীতি ও সন্ত্রাসমুক্ত পরিবেশে নাগরিকদের ভোটদানের সুযোগ দিতে হইবে।

প্রতিনিধিদলের পক্ষ হইতে শিক্ষা উপদেষ্টার নিকট বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত একটি স্মারকলিপি পেশ করা হয়।